



স্বাগতম!

আবাসনের চাহিদাসম্পন্ন মানুষকে সেবা সম্ভাব্য বিকল্পগুলি দেওয়ার জন্য কটম্যান হাউজিং অ্যাসোসিয়েশন বিদ্যমান। আমরা আমাদের অধিবাসীদের যথাযথ বাসা দেওয়ার উদ্দেশ্যে কাজ করি, সবগুলি বাসাই সর্বোচ্চ মান অনুসারে পরিকল্পনা, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। যে সকল অধিবাসীর বিশেষ আবাসনের যত্ন ও সহায়তা প্রয়োজন তারা যাতে কার্যকরীরূপে সেটা পান আমরা তা সুনিশ্চিত করি।

এই সাইটে আপনি আমাদের ইতিহাস ও কাঠামো, আমাদের সম্পত্তিগুলির অবস্থান, উন্নয়নের সংবাদ এবং কর্মখালি সম্বন্ধে তথ্য এবং বেশ কিছু আবাসন সংক্রান্ত অনুসন্ধানের বিষয়ে পরামর্শ পেতে পারেন, এর পাশাপাশি এইখানে ডাউনলোডযোগ্য আবাসনের আবেদন ফর্ম, গৃহহীনতা বিষয়ক তথ্য এবং একটি অনলাইন অর্থ প্রদানের ব্যবস্থাও আছে।

আবাসনের জন্য বিবেচিত হতে গেলে কিভাবে আবেদন করতে হয় আপনি যদি সেই বিষয়ে তথ্য পেতে চান, তাহলে এটা খেয়াল করা জরুরী, যে সকল এলাকাগুলিতে আমাদের সম্পত্তিগুলি অবস্থিত তার কোনটির জন্যেই অ্যাসোসিয়েশন এখন আর নিজস্ব অপেক্ষমান তালিকা রাখে না। সকল এলাকাগুলিই এখন একটি আবাসন রেজিস্টার বা পছন্দভিত্তিক ভাড়া নেওয়ার যোজনার (চয়েস বেসড লেটিংস স্কীম) আওতায় আছে যা নরউইচ সিটি কাউন্সিল বা সাউথ নরফোক কাউন্সিলের মত স্থানীয় কাউন্সিলগুলি দ্বারা প্রশাসিত। আপনাকে তাদের নিজস্ব আবাসনের আবেদন ব্যবস্থার মাধ্যমে আবেদন করতে হবে এবং আমাদের ওয়েবসাইটের ‘বাসা দরকার?’ (Need A Home?)-এ এইগুলির লিঙ্ক পাওয়া যেতে পারে।

অনুবাদের অনুরোধ

আপনার যদি এই সাইটের কোনও তথ্যের অনুবাদ প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনার নাম, ঠিকানা, যোগাযোগের টেলিফোন নম্বর এবং কাঙ্ক্ষিত ভাষাটি **office@cotman-housing.org.uk** -এ পাঠান।

আমরা আপনার অনুরোধটি পাওয়ার পরে সেই তথ্যটি অনুবাদ করিয়ে আপনাকে পাঠানোর ব্যবস্থা করব এবং প্রয়োজন হলে আপনার সাথে যোগাযোগ করার জন্য একজন দোভাষীর বন্দোবস্ত করব।